গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নগরকান্দা, ফরিদপুর,
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির অক্টোবর/২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ মঈনুল হক
তারিখঃ ১২-১০-২০২৩ খ্রিঃ
সময়ঃ সকাল- ১০.০ ঘটিকা
স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নগরকান্দা, ফরিদপুর ।

সভাপতি অংশগ্রহনকারী সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর সভাপতি কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, নগরকান্দা, ফরিদপুরকে আলোচ্য সূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য আহবান জানান। সদস্য সচিব বিগত সভার কার্য বিবরণী সভায় পাঠ করে শুনান এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর তিনি সভার আলোচ্য সূচী অনুসারে আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্মরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারীকর্তৃপক্ষ |
|---|---|---|
| **১।সার পরিস্থিতি পর্যালোচনাঃ**<br>সদস্য সচিব, সভাকে জানান যে, অক্টোবর মাসে ৩০৫ মে. টন ইউরিয়া, ১০০ মে. টন টিএসপি, ২৭০ মে. টন ডিএপি, ১২৩ মে. টন এমওপি সার নগরকান্দা উপজেলায় বরাদ্দ পাওয়া গিয়েছে। এসব সার ০৯ টি ইউনিয়নে ও ০১ টি পৌরসভা বিসিআইসি ও বিএডিসি ডিলারদের মাধ্যমে উত্তোলিত হচ্ছে। উক্ত বরাদ্দ অনুযায়ী অদ্য পর্যন্ত উত্তোলন হয়েছে ১০৫ মে. টন ইউরিয়া, ডিএপি ১৫ মে. টন, এবং উপজেলায় বিসিআইসি ও বিএডিসি ডিলারদের কাছে মজুদ আছে ১২৭ মে. টন ইউরিয়া, ১৮ মে. টন টিএসপি, ৪৩ মে. টন ডিএপি, ২৪ মে. টন এমওপি সার। | ডিলারগন যাতে বরাদ্দকৃত সার সঠিক ভাবে উত্তোলন করেন সে বিষয়ে কার্যকরী পদক্ষেপ নিতে হবে। কোন অনিয়ম দেখা গেলে আইনানুগ ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/সদস্যসচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি , নগরকান্দা,ফরিদপুর। |
| ২। **সারের উপ বরাদ্দ চাহিদাঃ** সদস্য সচিব সভাকে জানায় যে, রবি মৌসুমে ১৫০০০ প্রায় হেক্টর জমিতে ফসলের আবাদ হবে। আবাদী জমির চাহিদার ভিত্তিতে নভেম্বর ও ডিসেম্বর মাসে অত্র উপজেলায় চাহিদা রয়েছে ইউরিয়া ২০৮০ মেঃটন, টিএসপি/ডিএপি ১৮৫৭ মেঃ টন, এমওপি ১৫৫৭ মেঃ টন । বরাদ্দ রয়েছে ইউরিয়া ১০২৩ মেঃটন, টিএসপি/ডিএপি ১১৫৪ মেঃ টন, এমওপি ৫৬৮ মেঃ টন। ঘাটতি রয়েছে ইউরিয়া ১০৫৭ মেঃটন, টিএসপি /ডিএপি ৭০০ মেঃ টন, এমওপি ৯৮৯ মেঃ টন। এমতাবস্থায় সারের উপবরাদ্দ প্রয়োজন হতে পারে। | পরিস্থিতি বিবেচনা করে ইউরিয়া ৭০০ মেঃটন, টিএসপি/ডিএপি ১০০০ মেঃ টন, এমওপি ১০০০ মেঃ টন সার উপ বরাদ্দ চেয়ে জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর সুপারিশ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/সদস্যসচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি , নগরকান্দা,ফরিদপুর। |
| ২। **খুচরা সার ডিলারদের আবেদনের সিদ্ধান্তঃ**<br>সদস্য সচিব, সভাকে জানান যে, মেসার্স তানভীর এন্টারপ্রাইজ, প্রোঃ চৌধুরী মাহফুজা আক্তার, নগরকান্দা বাজার, পৌরসভার একজন খুচরা সার বিক্রেতা ছিলেন। চৌধুরী মাহফুজা আক্তার, এর মৃত্যু জনীত কারনে তার পুত্র মোঃ তানভীর হাসান উত্তরাধিকার সূত্রে তার নামে খুচরা সার বিক্রেতা আইডি কার্ড টি করার জন্য যথাযথ কাগজ পত্র সহ আবেদন করেছেন। উক্ত আবেদন পত্রটি বিগত সভায় উত্থাপন করা হলে উপজেলা সমবায় অফিসার মতামত দেন যে, যেহেতু মেসার্স তানভীর এন্টারপ্রাইজ, প্রোঃ চৌধুরী মাহফুজা আক্তার, নগরকান্দা বাজার, এর নামে বিএডিসি ডিলার রয়েছে, এবং খুচরা সার বিক্রেতা কার্ডও রয়েছে তাই বিষয়টি পর্যালোচনা করা দরকার ।তাই আগামী সভায় সিদ্ধান্ত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।তাই আজ আবার উত্থাপন করা হলো। | যেহেতু মেসার্স তানভীর এন্টারপ্রাইজ, প্রোঃ চৌধুরী মাহফুজা আক্তার, নগরকান্দা বাজার, এর নামে বিএডিসি ডিলার রয়েছে, তাই বিএডিসি ডিলার এর লাইসেন্স টির ওয়ারিশ হিসেবে নাম পরিবর্তনের পর আগামী সভায় সিদ্ধান্ত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/সদস্যসচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি , নগরকান্দা,ফরিদপুর। |

CamScanner

| | | |
|---|---|---|
| **বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক মেসার্স ইউসুফ এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ ইউসুফ হোসেন, নগরকান্দা বাজার, পৌরসভা এর খুচরা সার বিক্রেতা আইডি কার্ড টি বাতিল করা হয়েছে, তাই সে জামানতের ত্রিশ হাজার টাকা ফেরত চেয়ে আবেদন করেছেন।<br><br>**মোঃ পান্নু কাজী, পিতা সফিজদ্দিন কাজী, গ্রামঃ বড় পাইক কান্দি ,ডাকঘরঃ কাইচাইল। সে কোদালিয়া শহীদনগর ইউনিয়নের একজন খুচরা সার বিক্রেতা ছিলেন। ব্যবসা করবে না মর্মে সে জামানতের ত্রিশ হাজার টাকা ফেরত চেয়ে আবেদন করেছেন।<br><br>** মেসার্স জালাল মাতুব্বর, প্রোঃ মোঃ জালাল মাতুব্বর, পিং দলিলউদ্দিন মাতুব্বর, গ্রামঃ চরযশোরদী, ইউনিয়নঃ চরযশোরদী। সে অনেকদিন যাবত সার উত্তোলন করেন না। তাকে কারন দর্শানোর নোটিশ দেয়া হলে তিনি মৃত জানা যায় এবং তার ওয়ারিশগন ব্যবসা করবে না বলে জানায়। ঐ একই স্থানে মোর্শেদা আক্তার, স্বামীঃ আরিফুল ইসলাম জসিম, গ্রামঃ নিখরহাটি, ইউনিয়নঃ চরযশোরদী, সে খুচরা সার বিক্রেতা হিসেবে অনুমোদন পাওয়ার জন্য আবেদন করেছেন। | সর্বসম্মতি ক্রমে মোঃ ইউসুফ হোসেন, নগরকান্দা বাজার, পৌরসভা এর জামানতের টাকা ফেরত দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সর্বসম্মতি ক্রমে মোঃ পান্নু কাজী, পিতাঃ সফিজদ্দিন কাজী, গ্রামঃ বড় পাইক কান্দি ,ডাকঘরঃ কাইচাইল, কোদালিয়া শহীদনগর, এর খুচরা সার বিক্রেতা আইডি কার্ডটি বাতিল করা হলো এবং আগামী সভায় জামানতের টাকা ফেরত দেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হবে।<br><br>সর্বসম্মতি ক্রমে মেসার্স জালাল মাতুব্বর, প্রোঃ মোঃ জালাল মাতুব্বর, পিং দলিলউদ্দিন মাতুব্বর, গ্রামঃ চরযশোরদী, ইউনিয়নঃ চরযশোরদী এর খুচরা সার বিক্রেতা আইডি কার্ড টি বাতিলের সিদ্ধান্ত গৃহীত । উক্ত স্থানে মোর্শেদা আক্তার, স্বামীঃ আরিফুল ইসলাম জসিম, গ্রামঃ নিখরহাটি, ইউনিয়নঃ চরযশোরদী কে স্থলাভিষিক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৩। **বীজ বিক্রেতা প্রসঙ্গঃ** সদস্য সচিব সভাকে জানান যে ,আসছে রবি মৌসুমে নিবন্ধিত বীজ বিক্রেতা গন যাতে গুণগত মান সম্পন্ন বীজ বিক্রি করে সে ব্যাপারে সকলকে সতর্ক করা প্রয়োজন। | সকল বিক্রেতাগণদের নিয়ে একটি সভা করে সতর্ক করার সিদ্ধান্ত সহ প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি , নগরকান্দা,ফরিদপুর। |
| | | |
| ৪। **বিবিধঃ** সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয় নিশ্চিত করার জন্য মোবাইল কোর্ট পরিচালনা করা প্রয়োজন । | প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে । | সভাপতি/সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি , নগরকান্দা,ফরিদপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

মোঃ মঈনুল হক
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
নগরকান্দা ,ফরিদপুর

CamScanner

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
উপজেলা কৃষিঅফিসারেরকার্যালয়
নগরকান্দা, ফরিদপুর।
www.dae.nagarkanda.faridpur.gov.bd

স্মারকনং- ১২.১৮.২৯৬২.০৩৯.১৬.০০৫.২৩.৮২৮ তারিখ ঃ ১২/১০/২০২৩খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জেষ্ঠতার ভিত্তিতে নয় )-

১. উপজেলার মাননীয় সংসদ সদস্য ফরিদপুর-২ ।

২. উপজেলা চেয়ারম্যান, নগরকান্দা, ফরিদপুর ।

৩. উপজেলা ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, নগরকান্দা, ফরিদপুর ।

৪. উপজেলা নির্বাহী অফিসার, নগরকান্দা, ফরিদপুর ।

৫. উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর ।

৬. উপজেলা মৎস্য কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর ।

৭. উপজেলা সমবায় কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর ।

৮. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর ।

৯. থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর ।

১০. বিএডিসির উপজেলাস্থ বীজ/সার সংসশ্লিষ্ট প্রতিনিধি ।

১১. উপজেলাধীন সকল ইউপি চেয়ারম্যান ।

১২. বিএফএ-এর প্রতিনিধি, নগরকান্দা ফরিদপুর ।

১৩. উপজেলা পরিষদ মনোনিত কৃষক প্রতিনিধি ।

১৪. সভাপতি/ সাধারণ সম্পাদক প্রেসক্লাব/ মডেল প্রেসক্লাব, নগরকান্দা ।

১২/১০/২০২৩ খ্রিঃ

(তিলোক কুমার ঘোষ )
উপজেলা কৃষিঅফিসার
নগরকান্দা, ফরিদপুর।
ইমেইলঃuaonagarkanda@dae.gov.bd

CamScanner

১২-১০-২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মোঃ চুন্নু শেখ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ২ | তিলোক কুমার ঘোষ | উপজেলা কৃষি অফিসার, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৩ | ডাঃ মোঃ সাইফুল ইসলাম | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৪ | মোঃ আবুল হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৫ | মিয়া মোঃ আরিফুল আজম | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নগরকান্দা,ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৬ | নিমাই চন্দ্র সরকার | মেয়র, পৌরসভা, নগরকান্দা। | স্বাক্ষরিত |
| ৭ | মোস্তফা খান | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, কাইচাইল | স্বাক্ষরিত |
| ৮ | মোঃ হারুন অর রশিদ | বিএফএ, প্রতিনিধি, নগরকান্দা,ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৯ | মোঃ মিরাজ কাজী | বিএসএ , সদস্য , নগরকান্দা,ফরিদপুর | স্বাক্ষরিত |
| ১০ | মোঃ আজিজুর রহমান | বিএসএ , সদস্য , নগরকান্দা,ফরিদপুর | স্বাক্ষরিত |

CamScanner